# Delhi Public School, Howrah

**PERIODIC ASSESSMENT-I (2025-2026)**

**Class- X**

*Care must be taken not to write anything on the question paper. All the questions must be attempted in the correct sequence.*

**Subject: - BENGALI (005)**

**Time: -1.5 HOURS** **F.M.-40**

## PART – A: Objective type Questions (MCQ): 25 Marks

## Section – A (Reading: Unseen Comprehension)

1. **নিম্নলিখিত অনুচ্ছেদটি পড়ে নীচের প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন করে লেখ।।** (1x4=4)

সত্যজিৎ রায়, যিনি বাংলা ও ভারতীয় চলচ্চিত্র জগতের এক অবিস্মরণীয় নাম, তাঁর প্রথম চলচ্চিত্র 'পথের পাঁচালি' দিয়ে সারা বিশ্বে খ্যাতি অর্জন করেন। ১৯৫৫ সালে মুক্তিপ্রাপ্ত এই চলচ্চিত্রটি বাংলা সিনেমার ইতিহাসে এক মোড় পরিবর্তনের সূচনা করে। পথের পাঁচালি শুধুমাত্র একটি চলচ্চিত্র নয়, এটি একটি বাস্তব জীবনবোধ, একটি সংস্কৃতির প্রতিফলন। সত্যজিৎ রায় ১৯২১ সালে কলকাতার এক বিদ্বৎসমৃদ্ধ পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর দাদু উপেন্দ্রকিশোর রায়চৌধুরী ছিলেন শিশু সাহিত্যের অগ্রদূত, আর পিতা সুকুমার রায় ছিলেন 'আবোল তাবোল'-এর স্রষ্টা। এমন সাহিত্যনির্ভর পারিবারিক পরিবেশ সত্যজিতের মধ্যে শিল্প ও সংস্কৃতির বীজ রোপণ করে। প্রেসিডেন্সি কলেজে পড়াশোনা শেষ করে তিনি শান্তিনিকেতনে যান চিত্রশিল্প শিক্ষার জন্য। এই দুই পরিমণ্ডলের প্রভাব তাঁকে গঠন করে একজন বহুমুখী প্রতিভাধর শিল্পী হিসেবে।

'পথের পাঁচালি' নির্মাণের পেছনে সত্যজিৎ রায়ের একাগ্রতা, ধৈর্য ও দূরদর্শিতা ছিল অসাধারণ। বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের একই নামের উপন্যাস অবলম্বনে নির্মিত এই ছবিটি তিনি পরিচালনা করেন একদম নতুন দল নিয়ে, যেখানে অধিকাংশ অভিনেতা-অভিনেত্রী ছিলেন নবাগত। চিত্রগ্রাহক সুব্রত মিত্র, সঙ্গীত পরিচালক রবিশঙ্কর, এবং প্রযোজনার নানা সীমাবদ্ধতা সত্ত্বেও এই ছবি আন্তর্জাতিক স্তরে প্রশংসা লাভ করে। চলচ্চিত্রটিতে প্রধান চরিত্র অপু ও তার পরিবার—মা সর্বজয়া, দিদি দুর্গা, ও বাবা হরিহর—একজন গ্রামবাংলার দরিদ্র পরিবারের প্রতিচ্ছবি। ছবিতে দারিদ্র্য, আশা-নিরাশা, শিশু মনস্তত্ত্ব, প্রকৃতি ও পারিবারিক সম্পর্ককে গভীর সংবেদনশীলতার সঙ্গে উপস্থাপন করা হয়েছে। দুর্গার মৃত্যু, হরিহরের অনুপস্থিতি, সর্বজয়ার একাকীত্ব ও অপুর চোখ দিয়ে দেখা দুনিয়া—সব মিলিয়ে ছবিটি দর্শকের মনে স্থায়ী ছাপ ফেলে।

'পথের পাঁচালি'তে কোনো অতি নাটকীয়তা নেই। বরং, প্রতিটি দৃশ্য যেন জীবন্ত, যেন বাস্তব জীবনেরই একটি প্রতিচ্ছবি। এটি ছিল ভারতীয় সিনেমায় 'নিও-রিয়ালিজম'-এর প্রথম সফল প্রয়োগ। সত্যজিৎ নিজেই ছবির কাহিনি, চিত্রনাট্য, আর্ট ডিরেকশন এবং অনেক ক্ষেত্রে ক্যামেরা অ্যাঙ্গেল নির্ধারণ করতেন। তাঁর এই নিখুঁত পরিকল্পনা ও চিত্রনির্মাণ কৌশলই চলচ্চিত্রটিকে অনন্য করে তোলে। এই চলচ্চিত্রটি ১৯৫৬ সালে কান চলচ্চিত্র উৎসবে 'Best Human Document' পুরস্কার পায়, যা ভারতীয় চলচ্চিত্রের জন্য একটি ঐতিহাসিক মুহূর্ত। এরপর সত্যজিৎ রায় 'অপরাজিত' ও 'অপুর সংসার' নির্মাণ করে 'অপুর ত্রয়ী' সম্পূর্ণ করেন, যা একসঙ্গে ভারতীয় চলচ্চিত্রের অন্যতম শ্রেষ্ঠ সৃষ্টিসমূহ হিসেবে বিবেচিত। 'পথের পাঁচালি' আজও চলচ্চিত্রবিদ ও দর্শকদের কাছে এক পাঠ্য হিসেবে বিবেচিত হয়। এটি শুধুমাত্র সত্যজিৎ রায়ের ক্যারিয়ারের সূচনা নয়, বরং ভারতীয় সিনেমার একটি নবযুগের সূচনা। তিনি প্রমাণ করেন, সীমিত বাজেট ও অল্প প্রযুক্তি দিয়েও বিশ্বমানের চলচ্চিত্র নির্মাণ সম্ভব—যদি তাতে থাকে হৃদয়, দৃষ্টিভঙ্গি ও শিল্পমানস।

I. 'পথের পাঁচালি' কোন লেখকের উপন্যাস অবলম্বনে নির্মিত?

A. রবীন্দ্রনাথ ঠাকুর

B. মানিক বন্দ্যোপাধ্যায়

C. বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

D. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

II. বিবৃতি: 'পথের পাঁচালি' বিশ্ব চলচ্চিত্রে একটি ব্যতিক্রমধর্মী স্থান দখল করে নিয়েছে।

কারণ: সত্যজিৎ রায় বাস্তব জীবন, দারিদ্র্য ও শিশুমনকে অত্যন্ত সংবেদনশীলভাবে উপস্থাপন করেন।

কোনটি সঠিক?

A. উভয় বিবৃতি সত্য এবং কারণটি সঠিক ব্যাখ্যা।

B. উভয় বিবৃতি সত্য কিন্তু কারণটি সঠিক ব্যাখ্যা নয়।

C. বিবৃতি সত্য, কিন্তু কারণটি মিথ্যা।

D. বিবৃতি ও কারণ উভয় মিথ্যা।

III. সত্যজিৎ রায় ভারতীয় সিনেমায় প্রথম কী প্রয়োগ করলেন?

A. নতুন ক্যামেরা অ্যাঙ্গেল।

B. নিও রিয়ালিজম।

C. স্বল্প বাজেট।

D. Human Documentation.

IV. নিচের কোন্ চলচ্চিত্রগুলি 'অপুর ত্রয়ী' হিসেবে পরিচিত?

A. পথের পাঁচালি, অপুর সংসার, চারুলতা

B. অপুর সংসার, জলসাঘর, পথের পাঁচালি

C. পথের পাঁচালি, অপরাজিত, অপুর সংসার

D. অপরাজিত, হীরক রাজার দেশে, গুপী গাইন

## Section-B: Grammar: (MCQ)

**2. নির্দেশ অনুসারে সাধু অথবা চলিত ভাষায় পরিবর্তন কর। (যে কোনো তিনটি)** (1x3=3)

I. ছেলেটির করুণ কান্না আমি সহ্য করতে পারিনি। (সাধু ভাষায়)

A. ছেলেটির করুণ ক্রন্দন আমি সহ্য করতে পারি নাই।

B. ছেলেটির করুণ ক্রন্দন আমি সহ্য করিতে পারি নাই।

C. ছেলেটির করুণ ক্রন্দন আমি সহ্য করিতে পারিনি।

D. ছেলেটির করুণ কান্না আমি সহ্য করতে পারি নাই।

II. ইহার ফল কী দাঁড়াইয়াছিল তাহা পরে নির্দেশ করিতেছি। (চলিত ভাষায়)

A. এর ফল কী দাঁড়িয়েছিল তা পরে নির্দেশ করছি।

B. ওর ফল কী দাঁড়িয়েছিল তা পরে নির্দেশ করছি।

C. এর ফল কী দাঁড়াইয়াছিল তা পরে নির্দেশ করছি।

D. এর ফল কী দাঁড়াচ্ছে তা পরে নির্দেশ করছি।

III. তারা দুজনে পাশাপাশি বসল, বেশ মনোযোগ সহকারে অনেকক্ষণ ধরে কাগজপত্র দেখতে লাগল। (সাধু ভাষায়)

A. তারা দুইজনে পাশাপাশি বসিল, বেশ মনোযোগ সহকারে দীর্ঘক্ষণ ধরিয়া কাগজপত্র দেখিতে লাগিল।

B. তাহারা দুইজনে পাশাপাশি বসল, বেশ মনোযোগ সহকারে দীর্ঘক্ষণ ধরিয়া কাগজপত্র দেখিতে লাগিল।

C. তাহারা দুইজনে পাশাপাশি বসিল, বেশ মনোযোগ সহকারে দীর্ঘক্ষণ ধরিয়া কাগজপত্র দেখিতে লাগিল।

D. তাহারা দুইজনে পাশাপাশি বসিল, বেশ মনোযোগ সহকারে দীর্ঘক্ষণ ধরিয়া কাগজপত্র দেখিতে লাগল।

IV. কোন উত্তর না দিয়া লোকটির প্রতি চাহিতে চাহিতে সে আগাইয়া আসিল। (চলিত ভাষায়)

A. কোন উত্তর না দিয়া লোকটির দিকে তাকাতে তাকাতে সে এগিয়ে আসল।

B. কোন উত্তর না দিয়ে লোকটির প্রতি তাকাতে তাকাতে সে এগিয়ে আসল।

C. কোন উত্তর না দিয়ে লোকটির দিকে তাকাইতে তাকাইতে সে এগিয়ে আসল।

D. কোন উত্তর না দিয়ে লোকটির দিকে তাকাতে তাকাতে সে এগিয়ে আসল।

V. সত্যিই হয়েছিল, মুখের ভেতরটা জলে ভরে পরিপূর্ণ হয়েছিল। (সাধু ভাষায়)

A. সত্যিই হইয়াছিল, মুখের ভিতরটা জলে ভরিয়া পরিপূর্ণ হইয়াছিল।
B. সত্যিই হয়েছিল, মুখের ভিতরটা জলে ভরিয়া পরিপূর্ণ হইয়াছিল।
C. সত্যিই হইয়াছিল, মুখের ভিতরটা জলে ভরে পরিপূর্ণ হয়েছিল।
D. সত্যিই হইয়াছিল, মুখের ভিতরটা জলে ভরে পূর্ণ হইয়াছিল।

## Section – C: Main Course Book & Supplementary Reader/ Non-detailed Text: (MCQ)

3. **পাঠ্য গদ্য থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক বিকল্প উত্তরটি নির্বাচন করে লেখো ( যে কোন তিনটি)** (1×3=3)

I. 'জ্ঞানচক্ষু' গল্পটি কোন গ্রন্থ থেকে সংকলিত?
A. আশাপূর্ণা দেবীর একশোটি গল্প।
B. আশাপূর্ণা দেবীর শ্রেষ্ঠ গল্প।
C. 'কুমকুম' গল্প সংকলন।
D. 'কুসুম' গল্প সংকলন।

II. মন্তব্যঃ অবিনাশবাবু লেখককে আলোবাবুর জন্য একটা চাকরি জুটিয়ে দেবার অনুরোধ করেছিলেন।
কারণ ক – চাকরি করলে তিনি আলোবাবুর কাছ থেকে বাড়ি ভাড়া নিতে পারবেন।
কারণ খ – চাকরি করলে আলোবাবু আর এত অসহায় থাকবেন না।
A. কারণ ক ঠিক, খ ভুল।
B. কারণ খ ঠিক, ক ভুল।
C. কারণ ক ও খ দুটোই ঠিক।
D. কারণ ক ও খ দুটোই ভুল।

III. "তপন বিহ্বল দৃষ্টিতে তাকায়।" – কেন?
A. নিজের লেখার নিন্দে শুনে।
B. নিজের লেখার প্রশংসা শুনে।
C. মেসোর লেখা শুনে অবাক হয়ে।
D. মেসোর লেখা শুনে মুগ্ধ হয়ে।

IV. মন্তব্যঃ তপন আর পড়তে পারে না। বোবার মত বসে থাকে।
কারণ ক – নিজের লেখা গল্প ছাপা হওয়ার আনন্দে তপন বাকরুদ্ধ হয়ে যায়।
কারণ খ – নিজের লেখা গল্প ছাপার অক্ষরে দেখে তপন অতিমাত্রায় আবেগবিহ্বল হয়ে পড়ে।
A. কারণ ক ঠিক, খ ভুল।
B. কারণ খ ঠিক, ক ভুল।
C. কারণ ক ও খ দুটোই ঠিক।
D. কারণ ক ও খ দুটোই ভুল।

4. **গল্পগুচ্ছ (পাঠ্যসংস্করণ) থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক বিকল্প উত্তরটি নির্বাচন করে লেখো ( যে কোন তিনটি)** (1×3 = 3)

I. "তাহা হইলে এই আধমরা ভদ্রসন্তানটি পুনশ্চ নবজীবন লাভ করিতে পারে।" – 'ভদ্রসন্তানটি' বলতে এখানে কার কথা বলা হয়েছে?
A. রতন।
B. পোস্টমাস্টার।
C. গোমস্তা।
D. ভূতপূর্ব পোস্টমাস্টার।

II. মন্তব্যঃ পোস্টমাস্টার তার কাজে জবাব দিয়ে বাড়ি যাচ্ছেন।
কারণ– তার দরখাস্ত মঞ্জুর হয়েছে।
A. কারণ সঠিক মন্তব্য ভুল।
B. কারণ ভুল মন্তব্য সঠিক।
C. কারণ ও মন্তব্য দুটোই ঠিক।
D. কারণ ও মন্তব্য দুটোই ভুল।

III. "কিন্তু পূর্ববৎ আর তাহার ডাক পড়ে না।"- কখন থেকে আর তার আগের মতো ডাক পড়ত না?
A. পোস্টমাস্টারের অসুখ শুরুর সময় থেকে।
B. রতনের লেখাপড়া শুরুর সময় থেকে। ।
C. রতনের যুক্ত অক্ষর উত্তীর্ণ হবার পর থেকে।
D. পোস্টমাস্টারের অসুখ সারার পর থেকে।

IV. মন্তব্য ক – পোস্টমাস্টারের মা আর দিদি আছে, কিন্তু কোনো ছোট ভাই নেই।
মন্তব্য খ – রতনের মা আর ছোট ভাই ছিল, কিন্তু কোন দিদি ছিল না।

A. মন্তব্য ক ঠিক, খ ভুল।

B. মন্তব্য খ ঠিক, ক ভুল।

C. মন্তব্য ক ও খ দুটোই ঠিক।

D. মন্তব্য ক ও খ দুটোই ভুল।

## PART – B: (Descriptive Type Questions)

**5. প্রয়োজন অনুযায়ী সন্ধিযুক্ত ও সন্ধি বিচ্ছেদ কর। ( যে কোন চারটি)** (1×4=4)

A. সন্ন্যাসী

B. পরি + কৃত

C. বৃক্ষচ্ছায়া

D. নিঃ + চিহ্ন

E. দুর্নিবার

F. রাজ্ + নী

## Section – C : Main Course Book & Supplementary Reader/ Non-detailed Text :

6. "বুকের রক্ত ছলকে ওঠে তপনের।"- কেন তপনের বুকের রক্ত ছলকে উঠেছিল? (2)

7. "তপনের মনে হয় আজ যেন তার জীবনের সবচেয়ে দুঃখের দিন।" –ঐ দিন কী ঘটেছিল? তপনের এই রকম মনে হওয়ার কারণ গল্প অবলম্বনে আলোচনা কর। (1+2)

অথবা,

"সত্যিই অন্যায় কাজ করেছেন।" -কে কাকে একথা বলেছেন? যার সম্পর্কে বলা হয়েছে সে কী সত্যিই অন্যায় কাজ করেছিল বলে তোমার মনে হয়? যুক্তিসহ ব্যাখ্যা কর। (1+2)

8. 'জ্ঞানচক্ষু' গল্প অবলম্বনে তপনের নতুন মেসোমশাই চরিত্রটি আলোচনা কর। (3)

অথবা,

'আলোবাবু' গল্পের শেষে দেখা যায় আলোবাবু সমাজের সঙ্গে খাপ খাওয়াতে না পেরে পাগলাগারদে স্থান পেয়েছে। কেন আলোবাবুর মত ব্যক্তি সমাজের সঙ্গে খাপ খাওয়াতে পারে না বলে তোমার মনে হয়? যুক্তিসহ আলোচনা কর।

**9. সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখ:** (5×1)

"আমাদের ইতিহাস নেই, অথবা এমনই ইতিহাস"

অথবা,

"আয় আরো হাতে হাত রেখে, আয় আরো বেঁধে বেঁধে থাকি।"

10. "দাদাবাবু তোমার দুটি পায়ে পড়ি, আমাকে কিছু দিতে হবে না।" – রতন কখন এই কথাগুলি বলেছিল? 'কিছু দিতে হবে না' কথাটির অন্তর্নিহিত অর্থ ব্যাখ্যা কর। (2+3)

অথবা,

"অনেকক্ষণ আর কেহ কোনো কথা কহিল না।"- 'কেহ' বলতে কাদের কথা বলা হয়েছে? তারা কোন পরিস্থিতিতে কেন কোনো কথা বলল না তা গল্প অনুসারে ব্যাখ্যা কর।

## Section – D: Creative Writing

**11. নিম্নলিখিত বিষয় অনুসারে একটি পত্র রচনা করো।** 5

বর্ষায় তোমাদের পাড়ার রাস্তার অবস্থা হয় বেহাল। চারিদিকে জল এবং নোংরা জমে নিত্যকার জীবন হয়ে ওঠে অসহনীয়। তার সাথে আছে মশা। এই পরিস্থিতির কথা উল্লেখ করে তোমার এলাকার স্থানীয় পত্রিকার সম্পাদককে একটি চিঠি লেখ।

অথবা,

বাড়ছে তাপমাত্রা। বাড়ছে অসহ্য গরম। কিন্তু তাই বলে সাধারণ খেটে খাওয়া মানুষদের জীবন থেমে নেই। তাদের রোজকার জীবন যেমন চলে তেমনই চলছে। কিন্তু এই ভয়ংকর গরমে যাতে তাদের কোনোরূপ কষ্ট না হয় সেই জন্য রাস্তার মোড়ে মোড়ে 'জলসত্র' বসানো উচিত। তোমার এই আবেদনের কথা তোমার স্থানীয় পত্রিকার সম্পাদককে একটি চিঠির মাধ্যমে জানাও।